# মুরগী এবং ঈগল

Ann Nduku

Wiehan de Jager

Asma Afreen

3

বাংলা bn

এককালে, মুরগী এবং ঈগল বন্ধু ছিল। তারা অন্যান্য পাখিদের সাথে শান্তিতে বাস করত। তাদের কেউই উড়তে পারতো না।

একদিন, দেশে দুর্ভিক্ষ হল। খাদ্য খোঁজার জন্য ঈগলকে খুব দূরে হেঁটে যেতে হতো। সে খুব ক্লান্ত হয়ে ফিরে আসল। ঈগল বলল, “ভ্রমণের জন্য একটি সহজ উপায় অবশ্যই আছে!”

এক রাতে ভাল ঘুম দিয়ে উঠার পরে, মুরগীর মাথায় একটি চমৎকার বুদ্ধি এল। সে তার সব পাখি বন্ধুদের পড়ে যাওয়া পালক সংগ্রহ করতে লাগল। “চল, এইগুলোকে আমরা আমাদের নিজেদের পালকের উপর সেলাই করে লাগিয়ে দেই,” সে বলল। “সম্ভবত এটি ভ্রমণ করাকে আরও সহজ করে তুলবে।”

গ্রামে একমাত্র ঈগলের কাছেই একটি সুঁই ছিল, তাই সেই প্রথম সেলাই করা শুরু করল। সে তার জন্য সুন্দর এক জোড়া ডানা বানাল এবং মুরগীর উপরে উড়ে বেড়াল। মুরগী সুঁইটি ধার করল কিন্তু সে শীঘ্রই সেলাই করতে করতে ক্লান্ত হয়ে পড়ল। সে আলমারির উপর সুঁইটি রাখল এবং তার বাচ্চাদের জন্য খাবার বানাতে রান্নাঘরে গেল।

কিন্তু অন্য পাখিরা ঈগলকে উড়ে যেতে দেখেছে। তারা তাদের জন্য ডানা তৈরি করতে মুরগীকে সুঁইটি ধার দিতে বলল। শীঘ্রই পুরো আকাশে পাখিরা উড়তে লাগল।

শেষ পাখিটি যখন ধারের সুঁই ফেরত দেয়, মুরগী সেখানে ছিল না। তাই তার বাচ্চারা সুঁই নিয়ে নেয় এবং এর সাথে খেলতে শুরু করে। যখন তারা খেলতে খেলতে ক্লান্ত হয়ে পড়ে, তখন তারা বালুতে সুঁই ফেলে আসে।

পরে সেই বিকালে, ঈগল ফিরে আসল। সে তার সফরে ঢিলে হয়ে যাওয়া কিছু পালক ঠিক করতে মুরগীর কাছে সুঁই চাইল। মুরগী আলমারির উপর দেখল। সে রান্নাঘরে দেখল। সে উঠোনে দেখল। কিন্তু কোথাও সুঁই পাওয়া গেল না।

“আমাকে শুধু একটি দিন দাও,” মুরগী ঈগলের কাছে মিনতি করল। “তারপর তুমি তোমার ডানা ঠিক করে আবার খাদ্যের জন্য উড়ে যেতে পারবে।” “শুধু একটি দিন,” ঈগল বলল। “তুমি যদি সুঁই খুঁজে না পাও, তবে তোমাকে তোমার একটি ছানা আমাকে মাশুল হিসেবে দিতে হবে।”

পরদিন যখন ঈগল আসল, সে মুরগীকে বালু খুঁড়তে দেখল, কিন্তু কোনও সুঁই নেই। তাই ঈগল খুব দ্রুত নিচে উড়ে আসল এবং একটি ছানা ধরে নিয়ে চলে গেল। তারপর থেকে, যখনই ঈগলের দেখা মিলে, সে মুরগীকে বালুতে সুঁই খোঁজা অবস্থায় পায়।

ঈগলের ডানার ছায়া মাটিতে পড়লেই, মুরগী তার ছানাদের সতর্ক করে দেয়। “খালি এবং শুকনো জমির থেকে বের হয়ে যাও।” এবং তারা উত্তর দেয়: “আমরা বোকা নই। আমরা দৌড়ে পালাব। “

# Global Storybooks

globalstorybooks.net

## মুরগী এবং ঈগল


Ann Nduku
Wiehan de Jager
Asma Afreen


CC BY